

৬ সেপ্টেম্বর ২০২৩, বঙ্গভবন

=====

রাষ্ট্রপতির সাথে ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশন IORA-এর মহাসচিব ডক্টর সালমান আল ফারিসি সাক্ষাৎ।

=====

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিনের সঙ্গে আজ জাকার্তা কনভেনশন সেন্টারে সৌজন্য সাক্ষাৎ করেন ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশন IORA-এর মহাসচিব ডক্টর সালমান আল ফারিসি।

সাক্ষাৎকালে IORA-এর মহাসচিব ভারত মহাসাগরের উপকূলীয় দেশগুলোর এ সংগঠনের সার্বিক কার্যক্রম এবং কর্মপরিকল্পনা সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। এসময় সফলভাবে IORA এর সভাপতির দায়িত্ব পালন করায় বাংলাদেশের প্রশংসা করেন তিনি।

রাষ্ট্রপতি বলেন, সম্প্রতি বাংলাদেশের উন্নয়ন সারা বিশ্বের জন্য একটি চমক যা অনেক দেশকে উৎসাহিত করেছে। রাষ্ট্রপতি বলেন, IORA এর উন্নয়নে বাংলাদেশ সব সময় কার্যকর ভূমিকা পালন করবে।

সাক্ষাৎকালে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন, রাষ্ট্রপতির কার্যালয়ের সচিবগণসহ সংশ্লিষ্ট পদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এদিন সকালে আরো এক অনুষ্ঠানে ইন্দোনেশিয়ার সরকারি মালিকানাধীন প্রতিরক্ষা সরঞ্জামাদি উৎপাদনকারী তিনটি প্রতিষ্ঠানের একটি প্রতিনিধিদল রাষ্ট্রপতিকে তাদের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত করেন।

ইন্দোনেশিয়ার প্রতিরক্ষা সরঞ্জামাদি উৎপাদনকারী প্রতিষ্ঠান PT Pindad, PT DIRGANTARA এবং PT PAL তাদের সার্বিক কার্যক্রম পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে রাষ্ট্রপতির সামনে তুলে ধরেন।

এসময় রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন বলেন, বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ ট্রেড পার্টনার হলো ইন্দোনেশিয়া। তিনি বলেন, ইন্দোনেশিয়ার সাথে বাণিজ্য-বিনিয়োগ বাড়াতে আগ্রহী বাংলাদেশ। দু'দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য বিগত কয়েক বছরে অনেক বৃদ্ধি পেয়েছে এবং আগামীতে বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির আরো সুযোগ রয়েছে।

এ সময় পররাষ্ট্রমন্ত্রী, রাষ্ট্রপতির সচিবগণসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন